The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক
# আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 828 | 26 July 2024 | শুক্রবার ১৫ শ্রাবণ ১৪৩১



Adams Ocasio and Meng on Bangladesh crisis
>> Page 24

New York's Job Market Hit as Layoffs Double
>> Page 24



93 percents jobs on merit:7pc from quotas
>> Page 25

Kamala Harris nets huge support from NY NJ and CT Democrats
>> Page 25




# ৬০ হাজার কোটি টাকার রেমিট্যান্স হারালো বাংলাদেশ

হাসান মাহমুদ

### বন্ধ হয়ে গেছে নিউইয়র্ক থেকে ডলার পাঠানো



বিক্ষোভ সংক্ষুব্ধ বাংলাদেশ গত সাত দিনে প্রায় ৬০ হাজার কোটি টাকার রেমিট্যান্স হারিয়েছে। এ হিসাব শুধু নিউইয়র্কের। এই সময়ে নিউইয়র্ক থেকে ৫০০ ডলারেরও বেশি রেমিট্যান্স পাঠানো সম্ভব হয়নি। দেশীয় মুদ্রায় এর পরিমান প্রায় ৬০ হাজার কোটি টাকা। নিউইয়র্কের রেমিট্যান্স ব্যবসায়ীরা জানিয়েছেন, বাংলাদেশে ছাত্র আন্দোলন এবং পুলিশী হত্যাযজ্ঞ শুরু হবার পর থেকে প্রবাসীরা রেমিট্যান্স পাঠানো কমিয়ে দিয়েছেন। ইন্টারনেট ব্রডব্যান্ড বন্ধ হবার পর থেকে কোন রেমিট্যান্স আর পাঠানো সম্ভব হয়নি। স্বাভাবিক সময়ে প্রতি মাসে ২ বিলিয়ন ডলার কখনও কখনও এর চেয়েও বড় অংকের রেমিট্যান্স নিউইয়র্ক থেকে পাঠানো হয়েছে। ডলারের এই প্রবাহ এখন বন্ধ। ফলে গত ৭ দিনে ৫০০ মিলিয়ন ডলারের বেশি অর্থাৎ প্রায় ৬০ হাজার কোটি টাকার বৈদেশিক মুদ্রা হারিয়েছে বাংলাদেশ। ব্যবসায়ীরা জানিয়েছেন, বাংলাদেশে সাম্প্রতিক আন্দোলনকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে নিউইয়র্ক থেকে পাঠানো রেমিটেন্সের ওপর ব্যাপক নেতিবাচক প্রভাব পড়েছে। এই পরিমাণ অর্থ স্বাভাবিক ব্যাংকিং চ্যানেলে দেশে পাঠাবার কথা থাকলেও কোন এরপর ২৬ পৃষ্ঠায়



ঢাকায় কোটা সংস্কার আন্দোলনরত বিশ্ববিদ্যালয় ও কলেজের হাজারো শিক্ষার্থী



## আক্ষেপ নিয়ে পিটার হাসের বিদায়


আজকাল রিপোর্ট

ঢাকায় নিযুক্ত বিদায়ী মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেছেন, বাংলাদেশ থেকে এভাবে বিদায় নিতে হবে ভাবিনি। গত মঙ্গলবার রাতে সামাজিক মাধ্যম এরপর ২৬ পৃষ্ঠায়

কংগ্রেসে বিল উত্থাপন : যুক্তরাষ্ট্রে প্রবাসী শিক্ষার্থীদের জন্য নতুন প্রস্তাব

# গ্রীনকার্ড প্রাপ্তির সুযোগ আসছে!

মনোয়ারুল ইসলাম



যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত প্রবাসীরা শিক্ষার্থীরা শিক্ষা জীবন শেষে যাতে আমেরিকায় স্থায়ীভাবে থেকে কাজ করার সুযোগ পায় সেই লক্ষ্যে কংগ্রেসে একটি বিল উত্থাপন করা হয়েছে। শিক্ষার্থীদের এদেশে গ্রাজুয়েশন শেষ করার পর চাকুরি ও বসবাসের সুযোগের দ্বার উন্মোচিত হবে বিলটি পাশ হলে। পাঁচ বছর কাজ করার পর তাদের গ্রীনকার্ড প্রাপ্তি ও সিটিজেনশীপের পথ প্রশস্ত হবে। শিক্ষাজীবন শেষে তাদের দেশে ফিরে যাবার বাধ্যবাধকতার অবসান হবে। গ্রাজুয়েশন শেষে অবৈধের তকমা নিয়ে পড়ে থাকতে হবে না স্বপ্নের আমেরিকায়। আমেরিকায় অধ্যয়নরত প্রবাসী ছাত্রছাত্রীদের যে স্বপ্ন, শিক্ষা জীবন শেষ করে আমেরিকায় কাজ করা ও গ্রীনকার্ড নিয়ে স্থায়ীভাবে বসবাস করা, এই বিল পাশ হলে তা বাস্তবে রূপ নেয়ার পথ সুগম হবে।

বিদেশি ছাত্রছাত্রীদের কল্যাণে এই বিলটি এনেছেন মিশিগান থেকে নিবাচিত কংগ্রেসম্যান শ্রী থানডার। বিলটির নাম হচ্ছে 'কিপ স্টিম গ্রাজুয়েটস ইন আমেরিকা অ্যাক্ট'। স্টিম হচ্ছে সায়েন্স, টেকনোলোজি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাথেমেটিক্স সহ ৪ বছরের গ্রাজুয়েট এরপর ২৬ পৃষ্ঠায়

কোটা সংস্কার আন্দোলন

## মামলার ফাঁদে হাজারো শিক্ষার্থী

আজকাল রিপোর্ট

কোটা সংস্কার আন্দোলনে জড়িত সন্দেহে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের হাজারো শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সুরঙ্গের ভেতর থেকে তুলে এনে অরাজাকতাকারিদের বিচার করা হবে। যারা সরকারি বিভিন্ন স্থাপনায় এরপর ২৬ পৃষ্ঠায়



জেএফকে'তে আতঙ্কিত একটি সকাল
৮ নম্বর টার্মিনালে অগ্নিকান্ড

## ১৬০টি ফ্লাইট বিলম্বিত

আজকাল রিপোর্ট

গত বুধবার সকালে এক আকস্মিক অগ্নিকান্ডে অচল হয়ে পড়ে জেএফকে বিমানবন্দর। নিউইয়র্কের ব্যস্ত এই আন্তর্জাতিক বিমানবন্দরে আগুন লাগার এরপর ২৬ পৃষ্ঠায়

বাংলাদেশ পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্র জুড়ে বিক্ষোভ

# উত্তাল টাইমস স্কয়্যার

আজকাল রিপোর্ট






প্রবাসী বাংলাদেশিদের ব্যাপক বিক্ষোভ সমাবেশে এক নতুন ইতিহাস রচিত হয়েছে নিউইয়র্কের টাইমস স্কয়্যারে। বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে পুলিশী হত্যাযজ্ঞের প্রতিবাদে ১৮ ও ২১ জুলাই পর পর দুটি বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে টাইমস স্কয়্যারে। এছাড়াও বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে জাতিসংঘের সামনে, নিউইয়র্ক কনসুলেটের সামনে, জ্যাকসন হাইটস ডাইভারসিটি প্লাজায়, জ্যামাইকা, ব্রুকলিন প্রভৃতি স্থানে। 'সেভ বাংলাদেশি স্টুডেন্টস' এর ব্যানারে টাইমস স্কয়্যারের প্রথম দিনের সমাবেশে বিকেল থেকেই হাজার হাজার মানুষের স্বতস্ফূর্তভাবে সমাগম ঘটে। বাংলাদেশিদের পক্ষ থেকে অতীতে টাইমস স্কয়ারে আয়োজিত বাংলাদেশিদের যে কোন এরপর ২৬ পৃষ্ঠায়

## মর্গের সামনে মায়ের দীর্ঘ অপেক্ষা

ঢাকা অফিস



বাইশ বছর বয়সী শাহজাহান। তিনি ঢাকায় একটি বেসরকারি কোম্পানির বিক্রয় প্রতিনিধি ছিলেন। বাসায় ফেরার পথে শুক্রবার বিকালে মহাখালীতে গুলিবিদ্ধ হন। ৫ দিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থেকে মঙ্গলবার দিবাগত রাতে তার মৃত্যু হয়। দু'দিন ধরে ঢাকা মেডিকেলের মর্গে পড়েছিল এরপর ২৬ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরুহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42. 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email- moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
@markshomecareofficial @markshomecareofficial
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

**বিস্তারিত জানতে কল করুন**

**718-697-7717**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester
504 W Main St
Rochester, NY 14608

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

***For details information please contact***

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# সবচেয়ে বেশি দরকার নারী কোটা

> শুধু আজকের নারীর নয়, আগামীর নারীর দুরবস্থার জন্য তিনি দায়ী থাকবেন। শাসকদের হয়তো কোনো অনুশোচনা হয় না। ভুল শুধরে নেওয়ার আর সময়ও তাদের থাকে না। দেশে যে হারে মৌলবাদ মাথাচাড়া দিয়ে উঠছে, আশঙ্কা হয়, একদিন মৌলবাদীরাই হয়তো ক্ষমতায় বসবে, তখন নারীর অবস্থার অবনতি হবে সহস্র গুণ। কালো নিকাবে মুখ ঢেকে ফেলবে নারীরা। অবয়বহীন নামপরিচয়হীন জড়বস্তুর মতো হবে তাদের অস্তিত্ব। তারা ঢুকে যেতে বাধ্য হবে অন্দরমহলে। অন্দরমহল থেকে নির্যাতনের শব্দ ভেসে আসবে, কান্নার শব্দ ভেসে আসবে। নারীদের মুক্তির পথগুলো সব যেহেতু বন্ধ, এই কান্নার আর হাহাকারের শব্দের কোনো শেষ থাকবে না

তসলিমা নাসরিন



যদি কোটা সংস্কার করতে গিয়ে কাউকে লাথি মারতে হয়, তাহলে নারীকে লাথি মারলে সবচেয়ে সুবিধা। নারী তো অবলা, কিছু বলবে না। ইতিহাসের শুরু থেকে মুখ বুজে নির্যাতন সইছে কে? নারী। নারীকে শিক্ষা, স্বাস্থ্য, স্বনির্ভরতা এবং স্বাধীনতা থেকে শতাব্দীর পর শতাব্দী বঞ্চিত করা হয়েছে, এবং এখনো হচ্ছে। হচ্ছে নারীর লিঙ্গদোষের কারণে। নারীর লিঙ্গ পারফেক্ট নয়, নারীর লিঙ্গ অসম্পূর্ণ। পুরুষেরা নানা রকম কমেন্ট করেছে এই লিঙ্গ নিয়ে। বাংলাদেশের কোটা সংস্কার আন্দোলনে নারীর সমানাধিকারে বিশ্বাস করার লোক প্রায় ছিলই না বলতে গেলে। ধর্মান্ধ লোকের আধিক্য ছিল দৃষ্টিকটু-রকম। তারা তো নিশ্চয়ই কেউ চায়নি নারী কোটা। এমনকী কিছু মগজধোলাই হওয়া পুরুষতন্ত্রবিশ্বাসী নারীও নারী কোটার বিরুদ্ধে স্লোগান দিয়েছে।


মিনিমাম এক শ লোক না মরলে, মিনিমাম এক শ কোটি টাকার গাড়ি বাড়ি পাবলিক প্রোপার্টি আগুনে না পুড়লে সরকার কারও কোনো দাবি মেনে নেয় না। এখন কী নারীরা তাদের প্রাপ্য সংরক্ষণের জন্য রাস্তায় নেমে বুক পেতে দাঁড়াবে নিহত হওয়ার জন্য? অবিবেচকের মতো গাড়িবাড়ি পাবলিক প্রোপার্টি পোড়াবে? তাহলে কী পুনর্বিবেচনা করা হবে সংরক্ষণ সংস্কার? তার চেয়ে ভালো সরকার বসুক নারীবাদীদের সঙ্গে আলোচনায়। নারীবাদীরা বলুক কেন সুস্থ সমাজ গঠনের জন্য নারীর সংরক্ষণ জরুরি। নারীকে হাজার বছর ধরে বঞ্চিত করেছে নারীবিদ্বেষী পুরুষতন্ত্র। পাপ মোচনের জন্য হলেও তো সমাজকে গা-ঝাড়া দিয়ে ওঠে নারীর জন্য সংরক্ষণের ব্যবস্থা করা উচিত। সংরক্ষণ না হলে নারীর অর্থনৈতিক স্বনির্ভরতা পিছিয়ে পড়বে আর নারীর সমানাধিকারের স্বপ্ন স্বপ্নই রয়ে যাবে। অসভ্য সমাজের জন্য নারীর সমানাধিকার না থাকা চমৎকার বটে, কিন্তু সভ্য সমাজের জন্য একেবারেই অগ্রহণযোগ্য।

বাংলাদেশে নারী পুরুষের মধ্যে যে বৈষম্য, তা কমার বদলে বেড়েছে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম বিশ্বের জেন্ডার গ্যাপ জরিপে দেখিয়েছে ২০২১ সালে বাংলাদেশের স্থান ছিল ১৪৬টি দেশের মধ্যে ৬৫তম, ২০২২ সালে ছিল ৭১তম, ২০২৩ সালে জানি না কী কারণে হয়েছিল ৫৯তম আর ২০২৪ সালে পিছিয়ে হয়েছে ৯৯তম। তাহলে কী এভাবে আরও পিছিয়ে যাবে বাংলাদেশ? পেছনের আফগানিস্তান বা সুদানের (১৪৬তম) দিকে তাকিয়ে খুশিতে নৃত্য করার বদলে আইসল্যান্ডের (প্রথম) দিকে তাকিয়ে জেন্ডার গ্যাপ সম্পূর্ণ জিরো করে ফেলার উদ্যোগ নিতে হবে বাংলাদেশকে। মনে রাখতে হবে, পেছনে যাওয়াটা সহজ, সামনে এগোনোটা কঠিন। কঠিন কাজটি করার মধ্যেই আছে চ্যালেঞ্জ। কঠিন কাজের মধ্যে সবচেয়ে জরুরি, নারীর বিরুদ্ধে বৈষম্যমূলক সমস্ত আইন কানুন এবং রীতি-নীতিকে চিরকালের বিদেয় করা, নিশ্চিহ্ন করা। জানি মৌলবাদীরা ঝাঁপিয়ে পড়বে, এমনকী বোরখা এবং হিজাব পরিহিত নারীরাও চিৎকার করবে। তারা বলবে তারা চায় না কোনো সংরক্ষণ। তারা নারী বলেই কিন্তু ভেবে নেওয়া উচিত নয় যে, তারা নারীর ভালো চায় বা তারা নারীবাদী। নারীরা নারীর শত্রু হতে পারে, পুরুষরা আবার নারীর শুভাকাঙ্ক্ষী হতে পারে। এ সম্পূর্ণই নির্ভর করে কে কোন শিক্ষা পেয়ে শৈশব থেকে বড় হয়েছে, কে কোন আদর্শ নিয়ে বেড়ে উঠেছে, কার মন ও মনন কতটা সমৃদ্ধ। সুতরাং প্রতিটি শিশুর জন্য বিদ্বেষহীন বৈষম্যহীন সুস্থ শিক্ষিত পরিবেশ সৃষ্টি করা অত্যন্ত জরুরি।

মেধা মেধা করে কোটা আন্দোলনকারীরা বেশ চিৎকার করেছে রাস্তাঘাটে। তারা মনে করে মেধার ভিত্তিতে চাকরিতে নিয়োগ দিলেই আর অবিচার হবে না কারও প্রতি। আমার প্রশ্ন, সুফিয়া আক্তার আর সেলিম রহমান যদি প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঠিক একই নম্বর পেয়ে পাস করে, তবে চাকরিটি কাকে দেওয়া হয়? আমরা সবাই জানি দেওয়া হয় সেলিম রহমানকে, কারণ সুফিয়া আক্তারকে নিয়ে সবার সংশয় হয়। সুফিয়া আক্তার বিয়ে করবে, গর্ভবতী হবে, লম্বা ছুটি নেবে, সন্তান প্রসবের জন্য ছুটি নেবে, সন্তানের অসুখ বিসুখে ছুটি নেবে, সন্তানের লালন পালন করতে গিয়ে কর্মক্ষেত্রে মনোযোগ হারাবে-ইত্যাদি আশঙ্কা করে সুফিয়া আক্তার মেধাবী হলেও চাকরিটি সুফিয়া আক্তার পায় না। তারা সেলিম রহমানকে নির্বাচন করে, কারণ সেলিম রহমান বিয়ে করলেও গর্ভবতী হবে না, সন্তান প্রসবের জন্য, সন্তান লালন-পালনের জন্য তাকে ছুটি নিতে হবে না। সুতরাং সেলিম রহমান চাকরির জন্য ফিট, সুফিয়া আক্তার ফিট নয়। যুগের পর যুগ এভাবেই নারী এবং পুরুষের মধ্যে বৈষম্য তৈরি করেছে সমাজ। যুগের পর যুগ এভাবেই মেধাবী নারীকে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য ঘোষণা করেছে নারীবিরোধী সমাজ।

এটিই সমাজের বাস্তব চিত্র। নারীর মেধা পুরুষের চেয়ে বেশি হলেও চাকরি পুরুষেরা পায়। সভ্য দেশগুলোয় সন্তান লালন-পালনের দায়িত্ব সমানভাবে মা এবং বাবা উভয়ের। সে কারণে মা এবং বাবা দুজনেই মেটারনিটি লিভ আর প্যাটারনিটি লিভ সমান সময়ের জন্য পান, একজন ছ'মাস পেলে আরেকজনও ছ'মাস পান। কিন্তু যে সব দেশে মনে করা হয় সন্তান লালন-পালন নারীর কাজ, ঘর-সংসার সামলানো নারীর কাজ, সেসব দেশে নারী চাকরি পাওয়া থেকে বঞ্চিত হয়। সুযোগটা পেয়ে

এরপর ৪৪ পৃষ্ঠায়




SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
OUR SERVICES
TLC INSURANCE
TLC Base (Black & Green Cab)
TLC Car & Plate Rent
DMV & TLC Service
Auto, Home & Business Ins.
Arif Shahriar
President & CEO
41-05 69th Street, Woodside, NY 11377
718-567-5600
info@libertybkg.com
www.libertybkg.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

**১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি**

**৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি**

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

**স্পেশাল সেল**

**৩টি রেড হার্ড চিকেন $17.99**

Approved by

SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

**শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট**



**আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ**

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



**প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99**

**অল হোয়াইট চিকেন $2.99**

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



**ফ্রি ডেলিভারী**

মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER



Open 7 Days: 8:00am to 7:00pm

Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

**718.205-7200 | 718.205.8262**

Charles B. Wang
Community Health Center

**প্রেস রিলিজ**
**অবিলম্বে মুক্তির জন্য**
জুন, 26, 2024

**যোগাযোগ:** Maggie Wong
**মার্কেটিং ও কমিউনিটি রিলেশনের পরিচালক**
929-362-3018
mwong@cbwchc.org

## কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষী চিকিৎসা প্রদানকারী নিয়োগ করে নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের জন্য পুরস্কারপ্রাপ্ত পরিষেবা নিয়ে আসছে

নিউইয়র্ক, [NY, জুন.26, 2024]- চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) লোয়ার ম্যানহাটন এবং ফ্লাশিং-কুইন্সের ছয়টি স্থানে, ইন্টারনাল মেডিসিন, শিশুরোগ, প্রসূতি/ স্ত্রীরোগ, দন্ত এবং মানসিক স্বাস্থ্য পরিষেবায় নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের স্বাস্থ্যসেবা চাহিদা পূরণের জন্য তাদের পরিধি প্রসারিত করছে ।

সুবিধাবঞ্চিত এশিয়ান আমিরিকানদের সফলভাবে যত্ন নেওয়ার ঐতিহ্যের উপর ভিত্তি করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্প্রতি বাংলাভাষী স্বাস্থ্যসেবা পেশাদারদের সানন্দে স্বাগত জানিয়েছে, যা বিভিন্ন কমিউনিটির সেবায় এই সংস্থার আন্তরিকতার প্রতিফলন ঘটায়।

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টারের সিইও কৌশল চালা বলেন, "এশিয়ান আমেরিকান সম্প্রদায় কার্যকরীভাবে নিউইয়র্কের মতোই বৈচিত্র্যময়। "রোগীর অভিবাসন ইতিহাস, তারা যে ভাষায় কথা বলে বা তাদের আর্থিক সক্ষমতা নির্বিশেষে নিখুঁত সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদানের জন্য আমরা গর্বিত।"

স্বাস্থ্যসেবায় ভাষা ও সাংস্কৃতিক আদান প্রদানের গুরুত্ব অনুধাবন করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ইংরেজি, বাংলা ও হিন্দিতে দক্ষ বাংলাদেশে জন্মকৃত শিশু বিশেষজ্ঞ ডাঃ মাহবুব চৌধুরীর মতো পেশাজীবীকে সানন্দে দলে আন্তর্ভূক্ত করেছে।

২০২৩ সালে হেলথ সেন্টার যোগদানকারী ডঃ চৌধুরী বলেন, " এমন একজন ডাক্তার থাকা সবসময়ই সহায়ক যিনি আপনার ভাষায় কথা বলেন এবং বুঝতে পারেন যে আপনি কোথা থেকে এসেছেন। " আমার এবং আমার সহকর্মীদের জন্য আমাদের রোগীদের সাথে সংযোগ স্থাপন করা গুরুত্বপূর্ণ যাতে তারা জানেন যে আমরা এখানে তাদের এবং তাদের পরিবারের জন্য চমৎকার পরিচর্যা নিশ্চিত করার জন্য উপস্থিত রয়েছি।"

চালা বলেন, বিভিন্ন সম্প্রদায়ের সেবা করার অংশ মানে সেই সম্প্রদায়ের সুনির্দিষ্ট চাহিদা পূরণের জন্য পরিচর্যা গড়ে তোলা। সেই মূল লক্ষ্যকে প্রতিফলিত করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ছিল নিউইয়র্ক রাজ্যের একমাত্র স্বাস্থ্য কেন্দ্র এবং যুক্তরাষ্ট্রে মাত্র ছয়টির মধ্যে একটি স্বাস্থ্য কেন্দ্র, যেটি ডায়াবেটিস স্বাস্থ্যের জন্য ন্যাশনাল কোয়ালিটি লিডার হিসেবে, ফেডারেল হেলথ রিসোর্স অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (HRSA) থেকে সোনার পদমর্যদা অর্জন করেছিল।

"আমাদের স্বাস্থ্য প্রদানকারী এবং কেয়ার টিমগুলি রোগীদের ক্ষমতায়নে কতটা নিবেদিত এই স্বীকৃতি তা তুলে ধরে" বলেন চালা। "চলার পথে প্রতিটি পদক্ষেপে আমরা রোগীদের সাথে আছি এবং তাদের ঔষুধ এর সংমিশ্রন এবং স্বাস্থ্যকর জীবনযাত্রার সমন্বয় বজাই রাখতে সহায়তা করে চলেছি।"

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষীদের সাক্ষাৎকারের সময়সূচী নিতে এবং স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা সম্পর্কে আরও তথ্য জানার সুবিধার জন্য একটি বাংলা এবং ইংরেজি ভাষার ফোন লাইন চালু করেছে, ৭১৮-৫৮৭-১১২১। এছাড়াও সম্প্রদায়ের সদস্যারা, সুনির্দিষ্টভাবে বাংলাভাষী চিকিৎসকদের জন্য স্বাস্থ্য কেন্দ্রের ওয়েবসাইটে www.cbwchc.org. অনুসন্ধান করতে পারবেন।

### চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্পর্কে

৫০ বছরেরও বেশি সময় ধরে চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) এশিয়ান আমেরিকানদের উপর মূল দৃষ্টি রেখে, ম্যানহাটন এবং কুইন্সের সুবিধাবঞ্চিত কমিউনিটির কাছে উচ্চমানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য নিবেদিত একটি নেতৃস্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারী। চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সপ্তাহে সাত দিনই খোলা থাকে এবং বেশিরভাগ বড় বড় স্বাস্থ্য বীমা সংস্থার পরিকল্পনাসমূহ গ্রহণ করে এবং ম্যানহাটন ও কুইন্সের ছয়টি স্থানেই শিশু এবং প্রাপ্তবয়স্কদের সার্বিক প্রাথমিক পরিষেবা প্রদান করে। অর্থিক সক্ষমতা, ভাষা কথ্য বা অভিবাসনের ইতিহাস নির্বিশেষে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার শ্রেষ্ঠত্বের উত্তরাধিকার সবার জন্য স্বাস্থ্য সেবার ন্যায়সঙ্গত অভিগমন নিশ্চিত করার অঙ্গিকারের সাথে জাতীয়ভাবে স্বীকৃত। আরও তথ্যের জন্য www.cbwchc.org. দেখুন।



Mitali Saha, D.D.S.
Dental Care

Mahbub Chowdhury, M.D.
Pediatrics

Navneet Kathuria, M.D.
Internal Medicine


Reshmi Gordhan, F.N.P.
Mental Health

Charles B. Wang
Community Health Center

# সবাই যেখানে সংস্কার চায়, সেখানে এত রক্ত কেন

> নিহত আবু সাঈদের পরিবার হতদরিদ্র। ৯ ভাইবোনের মধ্যে পঞ্চম ছিলেন সাঈদ। তিনি রংপুরে প্রাইভেট পড়িয়ে নিজে চলতেন, বৃদ্ধ মা-বাবাও চালাতেন। তাঁর উদ্যোগে এলাকায় গড়ে উঠেছে, 'বাবনপুর স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন। সদস্যরা মাসিক চাঁদা দিয়ে এলাকার গরিব-দুঃখী মানুষের বিপদে পাশে দাঁড়ান। আর কোনো মনোয়ারা বেগমের বুক যেন খালি না হয়। খুব দেরি না করে কোটা সংস্কারের ঘোষণা দিন। কমিটি করে দিন। উত্তেজনার মুহূর্তে এতটুকুই বলি। এরপর আরেকটু ভালো সময়ে আমাদের বিবেচনা করতে হবে, কেন মাত্র তিন হাজার পদের জন্য চার লাখ প্রার্থী হন্যে হয়ে গেল এবং কেন তরুণ-কিশোরেরা এত ক্ষুব্ধ, এত মরিয়া হলো?

## আনিসুল হক



একটা লেখা লিখেছিলাম। সেই লেখাটা সম্পাদনার জন্য জমা দেব, এই সময় খবর আসতে লাগল মৃত্যুর। রংপুর, চট্টগ্রাম ও ঢাকা থেকে আসতে লাগল মৃত্যুর খবর। এরপর কী লিখব! আহমদ ছফা বলেছিলেন, একজন মানুষের অপমৃত্যুতেও আকাশ ভেঙে পড়া উচিত। আমাদের হয়তো আকাশ ১৬ জুলাই ২০২৪ ভেঙে পড়েছে। কেন এত হানাহানি? কেন এত মৃত্যু?

এটা সহজেই এড়ানো যেত। শুভবুদ্ধি প্রয়োগ করা উচিত ছিল, কিন্তু প্রয়োগ করা হলো দমন-নিপীড়নের পথ। অনেক দেরি হয়েছে। আর দেরি নয়। আজকেই যদি সরকার ঘোষণা দেয়, কোটাবিরোধী আন্দোলনকারীদের যৌক্তিক দাবি মেনে নেওয়া হলো, কমিশন গঠন করে দেওয়া হলো। তাহলে আজই সমস্যার সমাধান হয়ে যাবে। মীমাংসার পথে দেরি হয়ে গেছে বলে কোনো কথা নেই, এখনই মীমাংসার সময়।

রক্তপাতের আগে ১৬ জুলাই সকালে যে লেখাটা লিখেছিলাম, তা আগে আপনাদের উদ্দেশে তুলে ধরি।

দুই.

কোটাবিরোধীরা কোটা তুলে দিতে বলছেন না, তাঁদের দাবি যৌক্তিক কোটা সংস্কার। সরকারও কোটাপ্রথার পক্ষে নয়। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল তো সরকারই করেছে। হাইকোর্টের আপিল বিভাগ এক মাসের জন্য হাইকোর্টের রায় স্থগিত করেছেন। তার মানে এই মুহূর্তে কোটা নেই। এরপর শুনানি হবে। বিচার বিভাগ তাঁদের সুচিন্তিত রায় দেবেন।

আমার ধারণা, সবাই কোটাপদ্ধতির যৌক্তিক সংস্কার চান। এই ব্যাপারটা বুঝিয়ে বললেই তো হয়।

একটা পর্যবেক্ষণ বলি। দেশের ছাত্রসমাজের বেশির ভাগই কোটাবিরোধী আন্দোলনের পক্ষে। তাদের একজনের ওপরে আক্রমণ হলে সেই ব্যথা সবার বুকেই বাজে। সরকার এবং সরকারি ছাত্রসংগঠন কেন নিজেদের অজনপ্রিয় করার পথ বেছে নিচ্ছে, এইটা আমাদের বুঝে আসে না।

২০১৮ সালের আন্দোলনের মুখে সব কোটা তুলে দেওয়া ঠিক হয়নি। অনগ্রসর অংশের জন্য কোটা দরকার আছে। সংবিধানের অনুচ্ছেদ ২৮-এর দফা (৪)-এ বলা হয়েছে, নারী বা শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যেকোনো অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান প্রণয়ন হতে এ অনুচ্ছেদের কোনো কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করবে না, অপর দিকে অনুচ্ছেদ ২৯-এর দফা (৩) (ক)-এ বলা হয়েছে, এ অনুচ্ছেদের কোনো কিছুই নাগরিকদের যেকোনো অনগ্রসর অংশ যাতে প্রজাতন্ত্রের কর্মে উপযুক্ত প্রতিনিধিত্ব লাভ করতে পারে, সে উদ্দেশ্যে তাদের অনুকূলে বিশেষ বিধান প্রণয়ন করা হতে রাষ্ট্রকে নিবৃত্ত করবে না।



আমাদের সময়ে বুয়েটে ভর্তি প্রক্রিয়ায় উপজাতিদের জন্য কোটা বরাদ্দ ছিল, নারীদের জন্য ছিল না। কিন্তু মেডিকেল কলেজে ভর্তি প্রক্রিয়ায় নারী কোটা ছিল। এসব কোটা কোনো অসন্তোষ তৈরি করেনি। এ ধরনের কোটায় কারও আপত্তি থাকার কথা নয়।

মুক্তিযোদ্ধা কোটার যৌক্তিক একটা সংস্কার দরকার। বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারগুলোর ভাতা বৃদ্ধি করা হয়েছে। কোনো জীবিত বীর মুক্তিযোদ্ধা তাঁর পরবর্তী প্রজন্ম তাঁর কারণে চাকরি পেতে দেখলে যদি সম্মান পান, সেই সুযোগ তিনি পেতে পারেন, কিন্তু এটাও একটা যৌক্তিক পরিমাণে হতে হবে। কোনো বীর মুক্তিযোদ্ধার বিরুদ্ধে কেউ একটু উহ্ বললেও আমার খুব খারাপ লাগে। আমি মুক্তিযোদ্ধা দেখলে স্যালুট দিই, পায়ে ধরে সালাম করি। তাঁরা আমাদের দেশ দিয়েছেন। সুবেদার ওয়াহাব বীর বিক্রমকে সঙ্গে নিয়ে তাঁর রণক্ষেত্রগুলো দেখতে গিয়েছিলাম ১৯৯৫ সালে। তিনি যতবার আমাদের অফিসে আসতেন, আমি তাঁর ব্যাগ বহন করতাম।

শিক্ষার্থীদের মুখে 'তুমি কে আমি কে, রাজাকার রাজাকার' শোনা দুর্ভাগ্যজনক, কিন্তু নেতাদের ভুল কথা, ভুল আচরণ, দুর্নীতি, অগণতান্ত্রিক আচরণের ঢাল হিসেবে মুক্তিযুদ্ধকে ব্যবহারের প্রবণতার কারণে এটা আমাদের শুনতে হলো। কিন্তু শিক্ষার্থীরা বলছেন, তাঁরা রাজাকার নন, এটা বোঝাতেই তাঁরা বিক্ষোভে নেমেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তারিক মনজুরের কথা শোনা যেতে পারে– '১৪ জুলাই রাতে আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর বক্তব্যের সূত্র ধরে "তুমি কে আমি কে, রাজাকার রাজাকার", "চাইতে গেলাম অধিকার, হয়ে গেলাম রাজাকার" এ ধরনের স্লোগান দেয়। আন্দোলনকারীদের বক্তব্য, এই স্লোগান মোটেও নিজেদের "রাজাকার" হিসেবে প্রতিষ্ঠা করার জন্য নয়। বরং এটি এক ধরনের "আয়রনি"।'

মানে দায়টা নতুন প্রজন্মের নয়, দায়টা প্রবীণ প্রজন্মের। দয়া করে, মহান মুক্তিযুদ্ধ, বীর মুক্তিযোদ্ধা, শহীদ এবং বঙ্গবন্ধুকে বিতর্কিত করার সুযোগ দেবেন না। এই আবেদন সকল পক্ষের প্রতি। মুক্তিযোদ্ধাদের সম্মানে একটুও চিড় ধরে, এমন কোনো কাজ কোনো পক্ষেরই করা উচিত হবে না। জেদ কোনো কোনো ক্ষেত্রে কেবল আত্মঘাতী নয়, দেশের ভবিষ্যতের জন্য ক্ষতিকর হতে পারে।

আক্রমণ করে, দমননীতি দিয়ে এত জনপ্রিয় একটা আন্দোলন দমন করা যাবে না। সাময়িকভাবে রাজপথ ফাঁকা করে দেওয়া হলেও শিক্ষার্থীদের মনে ক্ষোভ এবং তাঁদের পিঠে মারের দাগ থেকে যাবে। সরকার নিজে যেখানে কোটার সংস্কার চায়, সেখানে কেন তাঁরা জন-অপ্রিয় হওয়ার ঝুঁকি নিচ্ছেন, বোঝা যাচ্ছে না। এরপর ৪৬ পৃষ্ঠায়

# আবু সাঈদের বুক আজ বাংলাদেশের হৃদয়

## সোহরাব হাসান

প্রিয় শিক্ষার্থী আবু সাঈদ, আমাদের ক্ষমা করো। তোমার মা-বাবার সন্তান হারানো আর্তনাদ দেখে এলাম। –লিখেছেন আমাদের বন্ধু ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তুহিন ওয়াদুদ। আরও অনেকের সঙ্গে তিনিও আবু সাঈদের গ্রামের বাড়িতে গিয়েছিলেন। পিতার কাঁধে সন্তানের লাশ সবচেয়ে ভারী। শিক্ষকের কাঁধে ছাত্রের লাশও কম ভারী নয়।

শিক্ষক তুহিন ওয়াদুদ ও তাঁর সহকর্মীরা আবু সাঈদের লাশ নিয়ে যখন বাড়িতে গেলেন, শুনলেন তাঁর স্বজনদের বুকফাটা আর্তনাদ। মা মনোয়ারা বেগম আহাজারি করছিলেন, 'মোর বাবাটাক পুলিশ গুলি করিয়া মারল ক্যান, চাকরি চাওয়াটা কি অপরাধ?'

কোরবানির ঈদের ছুটিতে শেষবারের মতো বাড়িতে এসেছিলেন সাঈদ। তিন দিন পর ক্যাম্পাসে ফিরে যান। ছেলের কথা বলে বিলাপ করছিলেন মা।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে কোটা সংস্কারের দাবিতে যারা আন্দোলন করছিলেন, তাঁদের অন্যতম সমন্বয়ক ছিলেন আবু সাঈদ। ইংরেজি বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী।

সংবাদমাধ্যমের ভিডিও ও ছবিতে দেখা যায়, দুই হাত দুই দিকে প্রসারিত করে দাঁড়িয়ে আছেন। পেছনে সড়ক ও বিশ্ববিদ্যালয়ের গেট। পরের ছবিতে দেখি, পুলিশের ছোড়া গুলিতে আহত হয়ে তিনি বসে পড়ছেন। আরেক ছবিতে একজন তাঁকে তুলে ওঠানোর চেষ্টা করেন। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক জানান, তিনি মারা গেছেন।

আবু সাঈদের গুলিবিদ্ধ হওয়ার দৃশ্য ধারণ করেছে একাধিক গণমাধ্যম। যমুনা টেলিভিশন এ ধরনের একটি ভিডিও প্রচার করেছে। এ ছাড়া স্থানীয়ভাবেও কেউ কেউ ভিডিও করে তা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেছেন। এসব ভিডিও থেকে তাঁর গুলিবিদ্ধ হওয়ার সময়ের পরিষ্কার একটি চিত্র পাওয়া যায়। সংঘর্ষ শুরু হলে আন্দোলনকারীদের মধ্যে সবার আগে ছিলেন আবু সাঈদ। তাঁর ঠিক সামনে অবস্থান ছিল পুলিশের। পুলিশের অবস্থানের জায়গাটি ছিল বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে। প্রত্যক্ষদর্শীরা বলছেন, মিছিলের সামনে থাকা আবু সাঈদকে লক্ষ্য করেই গুলি করেছে পুলিশ।

কোটা সংস্কারের দাবিতে সারা দেশে ছড়িয়ে পড়া আন্দোলন রুখতে পুলিশের গুলি ও বিবদমান পক্ষগুলোর সংঘর্ষে ছয়জন মারা যান। ঢাকায় দুজন, চট্টগ্রামে তিনজন, রংপুরে একজন।

ঢাকার সায়েন্স ল্যাবরেটরি মোড়ে কোটা সংস্কারকারী ও ছাত্রলীগের নেতা-কর্মীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষে মোহাম্মদ শাহজাহান নামের এক হকার মারা যান। রাত সোয়া আটটার দিকে ঢাকা মেডিকেল কলেজের মর্গে থাকা যুবকের মরদেহ শনাক্ত করেন তাঁর স্বজনেরা। গ্রামের বাড়ি মুন্সিগঞ্জে। শাহজাহান ভাড়া থাকতেন কামরাঙ্গীরচর চাঁদ মসজিদ এলাকার জলিল মিয়ার বাসায়। তাঁর একটি শিশু সন্তানও আছে। শাহজাহান নিউমার্কেটের বলাকা সিনেমা হলের সামনে ফুটপাতে হকারি করে পাপোশ বিক্রি করতেন। বাবা মহসিন আলী অনেক আগেই মারা গেছেন।



চার ভাইয়ের মধ্যে শাজাহান ছিলেন তৃতীয়।

মর্গের সামনে মা কাঁদতে কাঁদতে বলেন, 'আমার ছেলের দোষ কোথায়? কে মারল, কারা মারল– কিছুই তো বুঝতে পারছি না।'

ঢাকায় নিহত অপরজন ঢাকা কলেজ ছাত্রলীগের কর্মী সবুজ আলী। নিউমার্কেট থানার (এসআই) মাহবুব আলীর তথ্য অনুযায়ী, তিনি খুব গরিব পরিবারের সন্তান। তার বাবা দিনমজুরের কাজ করেন। বড় ভাই গাজীপুর এলাকায় থাকেন। তাদের একটি প্রতিবন্ধী ভাইও আছে। তাঁর মৃত্যুতে শোক জানিয়ে ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক একটি বিবৃতি দিয়েছেন। কিন্তু কোনো শোক বা বিবৃতি সবুজ আলীকে ফিরিয়ে আনতে পারবে না।

চট্টগ্রামে নিহত তিনজনের মধ্যে একজন ছাত্রলীগ ও একজন ছাত্রদলের কর্মী বলে নিজ নিজ সংগঠন থেকে দাবি করা হয়েছে। যে কোনো আন্দোলন সংগ্রামে গরিব মানুষই বেশি মারা যান। কোটা সংস্কার আন্দোলন করতে গিয়ে আবু সাঈদসহ ছয়জনকে জীবন দিতে হলো, এর দায় কে নেবে? এবারে কোটা সংস্কার আন্দোলনটি শুরু হয়েছিল অত্যন্ত শান্তিপূর্ণভাবে। আন্দোলনকারীরা বলছেন, তারা সংস্কার চান। সরকার বলছে, তারাও সংস্কার চায়। তাহলে এই পরিস্থিতির উদ্ভব হলো কেন? সরকারের দাবি, শিক্ষার্থীদের আন্দোলনটিতে তৃতীয় পক্ষ ঢুকে এসব করেছে। কিন্তু তৃতীয় পক্ষ ঢোকার আগে কেন তারা শিক্ষার্থীদের সঙ্গে আলোচনায় বসলেন না?

নিউমার্কেট এলাকায় হকার মো. শাহজাহান যে মারা গেলেন, আন্দোলনকারী কিংবা তাঁদের বিরোধীদের সঙ্গে তাঁর কোনো সম্পর্ক ছিল না। প্রতিদিনের মতো তিনি ফুটপাতে বসেছিলেন পাপোষ বিক্রি করতে। ফিরে গেলেন লাশ হয়ে। এই রাষ্ট্র কী জবাব দেবে তাঁর শিশু সন্তান ও স্ত্রীর কাছে?

আমাদের মনে আছে, দুই বছর আগে ঢাকা কলেজে ছাত্রলীগের সঙ্গে নিউমার্কেটের ব্যবসায়ীদের সংঘর্ষের জেরে দুই হকারকে পিটিয়ে হত্যা করা হয়েছিল। বাংলাদেশের মানুষের জীবন এতই তুচ্ছ!

মৃত্যুর আগে রংপুর রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ ঊনসত্তরের শহীদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুজ্জোহাকে উদ্দেশ্য করে লিখেছিলেন, 'স্যার, এই দিনে আপনাকে সবচেয়ে বেশি মনে পড়ে, স্যার।' এর মাধ্যমে তিনি চেয়েছিলেন, তাঁদের ন্যায্য আন্দোলনে শিক্ষকেরাও সমর্থন করুন। তাঁদের পাশে এসে দাঁড়ান। এর কয়েক ঘণ্টা পরই আবু সাঈদ লাশ এরপর ১৬ পৃষ্ঠায়




> তাঁদের পাশে এসে দাঁড়ান। এর কয়েক ঘণ্টা পরই আবু সাঈদ লাশ হয়ে গেলেন। নামাজে জানাজার সময় তাঁর বড় ভাইয়ের আকুতি সমবেত সবাইকে স্পর্শ করেছে। ৯ ভাইবোনের মধ্যে আবু সাঈদই বিশ্ববিদ্যালয়ে যেতে পেরেছিলেন। তাঁকে নিয়ে তাঁদের অনেক স্বপ্ন ছিল। প্রতিটি মানুষের স্বপ্ন থাকে, ইচ্ছা থাকে। রাষ্ট্রের কর্তব্য হলো সেই স্বপ্ন বাস্তবায়নের পথ করে দেওয়া। গুলি করে আন্দোলনকারীদের হত্যা করে পুরো পরিবারের স্বপ্ন চূর্ণ করে দেওয়া নয়। ১৯৮৭ সালে এরশাদ আমলে পুলিশের গুলিতে নূর হোসেন মারা যাওয়ার পর শামসুর রাহমান লিখেছিলেন 'বুক তার বাংলাদেশের হৃদয়'। আজ শামসুর রাহমানের কবিতা ধার করে বলতে চাই–আবু সাঈদের বুক আজ বাংলাদেশের হৃদয়

# ভারতে এবার গণতন্ত্রের নামে নতুন ভেক

সুব্রত বিশ্বাস

দলগতভাবে সংখ্যালঘু এবং জোটগতভাবে ক্ষীণ গরিষ্ঠতা নিয়ে তৃতীয়বারের জন্য সরকার গড়েছেন নরেন্দ্র মোদী। স্বাভাবিকভাবেই জোটগত বোঝাপড়ায় বাধ্যবাধকতা এবং শক্তিশালী বিরোধী পক্ষের চ্যালেঞ্জকে সামাল দিয়েই সরকার চালাতে হবে। গত দশ বছর ধরে ঘনিষ্ঠ অনুসারীদের সহযোগে আপন মর্জিতে যেভাবে সরকার চালিয়েছেন এবং বিরোধীদের মতামতকে হেলায় তুচ্ছ করে ছুঁড়ে ফেলে দিয়েছেন এবার আর তেমনটা সম্ভব হবে না বলেই মনে হচ্ছে। স্বৈরাচারী কায়দায় কেন্দ্রীভূত ক্ষমতার লাগাম হাতে নিয়ে যেভাবে মর্জিমাফিক সিদ্ধান্ত নিয়েছেন এবং বিরোধীদের জন্য সংরক্ষিত গণতান্ত্রিক পরিসরকে যেভাবে কেড়ে নিয়েছেন সেটা এবার অত সহজ হবে না। ইতিমধ্যে লোকসভার প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণকে কেন্দ্র করে বিরোধীরা প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপির উদ্দেশ্যে যে ক্ষোভের প্রকাশ দেখিয়েছেন, তাতে ভবিষ্যৎ অধিবেশন কেমন হবে স্পষ্ট বোঝা যাচ্ছে। গণতন্ত্রে বিরোধী পক্ষের ভূমিকা সরকার পক্ষের মতো সমান গুরুত্বপূর্ণ। একই আপ্তবাক্য বারবার উচ্চারণ করলেও বাস্তব আঙিনায় প্রতি পদক্ষেপে বিরোধীদের ওপর বুলডোজার চালাতেই বেশি তৃপ্তিবোধ করতেন। নিজের ইচ্ছে, মতামত বা অবস্থানে যাতে দলের মধ্য থেকেও কোনও বাধা আসতে না পারে তাই সমস্ত গুরুত্বপূর্ণ পদে নিজের একান্ত ঘনিষ্ঠ অনুগতদেরই বসিয়েছেন। তাই যখন যেমন তার মনে হয়েছে সেটাই করেছেন। দলে ও সরকারে একচ্ছত্র অধিপতি হয়ে বসেছেন। নিজের এই অধিষ্ঠানকে স্থায়ী রূপ দিতে নিজেই নিজেকে দেবদূত বানাতে চেয়েছেন। বলে দিলেন আর পাঁচটা আরএসএস-বিজেপি'র কর্তাব্যক্তিদের মতো তিনি বায়োলজিক্যাল প্রোডাক্ট নন। স্বয়ং পরমাত্মা তাকে দেশ সেবা করার জন্য পাঠিয়েছেন। তিনি যদি পরমাত্মা প্রেরিত একামাত্র দেবদূত হয়ে থাকেন তাহলে তো তার কথাই প্রথম এবং শেষ কথা। বায়োজিক্যাল প্রডাক্ট হিসেবে দলের অন্য সব অর্বাচীন নেতা-মন্ত্রীরা নিছকই জয়ধ্বনি দেওয়া সংখ্যামাত্র। এহেন প্রধানমন্ত্রী সংসদের প্রথম অধিবেশনে এসে বিরোধীদের সহযোগিতা চেয়েছেন। কেননা শক্তিশালী বিরোধীরা যদি প্রবল বিক্রমে বাগড়া শুরু করে, স্বৈরাচারী প্রবণতাকে রুখে দেবার চেষ্টা করে, গণতন্ত্রে বিরোধিতার পরিসরকে প্রশস্ত করতে চায় তাহলে তো মোদী আর মোদী থাকতে পারবেন না। দশ বছর ধরে যে সর্বশক্তিমান একনায়কের ভাবমূর্তি নিষ্ঠার সঙ্গে গড়ে তুলেছিলেন সেটা ভেঙে চুরমার হয়ে যাবে। মোদী, শাহ, যোগী, রাজনাথ, গড়করিতে বিশেষ আর পার্থক্য থাকবে না। পরমাত্মা প্রেরিত দেবদূত সাজার শখও মাঠে মারা যাবে। তাই ঢোক গিলে একটু গণতন্ত্রী হবার ভাব করছেন। বারবার সংবিধানের কথা বলছেন। বিরোধীদের আক্রমণ করছেন গণতন্ত্র বিরোধী তকমা সাঁটিয়ে। সত্যিই ভূতের মুখে রামনাম। মোদী গণতন্ত্রের কথা বললে, সংবিধানকে সম্মান করার কথা বললে হাসির পাওয়াই স্বাভাবিক। মুখে গণতন্ত্র, সংবিধানের নাম উচ্চারণ করে বিরোধীদের সহযোগিতা চাইলেও তার চরিত্রে কোনও পরিবর্তন হয়নি। যদি সংসদীয় গণতন্ত্রের প্রতি তার সম্মানবোধ থাকত তাহলে বরাবরের রীতি মেনে সবচেয়ে বেশিবারের সাংসদকেই স্পিকার করতেন। তেমনি লোকসভার উপাধ্যক্ষ হওয়ার রীতি ছিল বিরোধীপক্ষের কারো। মোদী ক্ষমতায় আসার পর দলীয় সর্বগ্রাসী ক্ষুধার শিকার হয় ওই পদ। ২০১৬ সালে তিনি উপাধ্যক্ষ করেন জোটের সাংসদকে। ২০১৯ সালে উপাধ্যক্ষ পদে কাউকে বসানোই হয়নি। এবার বিরোধীরা বলেছিলেন উপাধ্যক্ষ পদ বিরোধীদের ছাড়া হোক এবং অধ্যক্ষ শাসক দলের। কিন্তু মোদী সেটা মানেননি। দু'টি পদেই তিনি নিজের অনুগত কাউকে চান। তা না হলে গণতন্ত্রের টুঁটি টিপে নিজের খুশিমত সংসদ চালাবেন কি করে। ওম বিড়লার মতো নিজের লোক অধ্যক্ষ ছিল বলেই শতাধিক বিরোধী সাংসদকে বহিষ্কার করেছিলেন। চোখ বুজে আলোচনা ছাড়াই ৩৭০ ধারা বাতিল, সিএএ, শ্রম কোড, ফৌজদারি কোড পাশ করেছিলেন। পাশ করেছিলেন কৃষক বিরোধী তিন কালা আইন। তাই বিরোধীরাও সিদ্ধান্ত নিয়েছে গণতন্ত্র রক্ষার লড়াই জারি থাকবে।



নরেন্দ্র মোদীর আমলে সরকার হয়ে উঠেছিল 'মোদী সরকার'। পিএমও অফিস হয়েছিল সব শক্তির কেন্দ্র। গণতন্ত্রের ধারকাছ দিয়ে মোদী হাঁটেননি কখনও। তিনি বলেছেন মন কি বাতে। কখনও সাংবাদিকদের প্রশ্নের উত্তর দেননি। সংসদে বিরোধীদের আলোচনা শোনেননি। কারো কথায় কর্ণপাত না করে, সংসদে আলোচনা ছাড়াই নোটবন্দি করেছেন। কোভিডে অযৌক্তিক, বিজ্ঞান বিরোধী কর্মকাণ্ড চালিয়েছেন। পিএম কেয়ারস ফান্ডকে প্রাইভেট ফান্ডে রূপান্তর করেছেন, ইলেকটোরাল বন্ড চালু করেছেন কোনও আলোচনা ছাড়াই।

স্বশাসিত সংস্থা থেকে রাজ্য সরকারগুলোর ক্ষমতা ক্রমান্বয়ে কমানো হয়েছে। সংসদীয় রাজনৈতিক ব্যবস্থাকে কার্যত তিনি অপ্রাসঙ্গিক করে দিয়েছেন। সংসদে আলোচনা, বিতর্কের পরিসর ছিল না। সংসদীয় ব্যবস্থায় আইন প্রণয়নের অধিকার কেড়ে তিনি অর্ডিন্যান্স রাজ কায়েম করেন। অর্ডিন্যান্স করেই কৃষি আইন, বিদ্যুৎ আইন বলবৎ করেন। সংসদে সংখ্যাগরিষ্ঠতার সুযোগে প্রায় গায়ের জোরে বিল পাশ করানো তার নিয়ম হয়ে দাঁড়ায়। ভারতের সংবিধানের বৈশিষ্ট্য হলো গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, যুক্তরাষ্ট্রীয় কাঠামো বহুত্ববাদ। মোদী সরকার পরিকল্পিতভাবে সংবিধানের মূল মর্মবস্তুর ওপর আক্রমণ চালিয়েছে। কেন্দ্র ও রাজ্যের সম্পর্কের বিন্যাস ভেঙে রাজ্যকে দুর্বল করে কেন্দ্রের হাতে ক্ষমতা কুক্ষিগত করেছে। রাজ্যের অভিমত ছাড়াই ৩৭০ ধারা একতরফাভাবে রদ করে জম্মু-কাশ্মীর রাজ্যকে ভেঙে দুটি ইউনিয়ন এরপর ১৬ পৃষ্ঠায়



> রবীন্দ্রনাথ ঠাকুরের শান্তি নিকেতনে বিজেপি সমর্থক একজন উপাচার্য বসিয়ে রাখা হয়েছে। তিন বছর যাবৎ সেখানে বৈশাখী মেলা সহ কোনও মেলা বা অনুষ্ঠান করতে দেওয়া হচ্ছে না। তবে এবার অন্তত মোদী ঠিক আগের মতো মোদীময় হতে পারবে না। বিরোধীদের সংখ্যাও আগের চেয়ে অনেক বেশি। জনতার রায় মোদীকে গরিষ্ঠতা দেয়নি। জোট সরকারের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদী পুরনো পদ্ধতিতে দেশ চালাতে পারবেন না। তবু বিজেপি ক্ষমতায়। ফলে গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সংবিধান বিপদমুক্ত নয়। তাই ভারতের মানুষকে গণতন্ত্র ধর্মনিরপেক্ষতা ও দেশের সংবিধান রক্ষার লড়াইকে আরও শক্তিশালী করতে হবে

# আড়াল হয়ে গেল দুর্নীতি বিরোধী অভিযান!

মারুফ কিবরিয়া

> জানা গেছে, দুদকের অনুসন্ধানে ওই দুই দপ্তরের কর্মকর্তাদেরও নাম রয়েছে। এরই মধ্যে রাজউকের একজন প্রধান প্রকৌশলীর বিষয়ে অভিযোগ আমলে নিয়ে অনুসন্ধান করছে দুদক। এ ছাড়া রাজউকের নথি গায়েব, পূর্বাচল নতুন শহরে জমি অধিগ্রহণ নিয়ে অনিয়মের বিষয়গুলো সামনে চলে আসে। যা নিয়ে দুদকের কার্যক্রমে গতি পায়। জানা গেছে, চলতি মাসে এক পরিচালক ও তার স্ত্রীর বিরুদ্ধেও মামলা করেছে দুদক। অপরদিকে ওয়াসার বেশ কিছু প্রকল্পে অনিয়মের অভিযোগ পেয়ে সংস্থাটি একাধিক অনুসন্ধানে নেমেছে। মতিউর, বেনজীর, আজিজ ও ফয়সাল, জাহাঙ্গীরসহ রাষ্ট্রের প্রভাবশালী সাবেক ও বর্তমান কর্মকর্তাদের নিয়ে একটার পর একটা আলোচনা তৈরি হলেও তা এখন আড়াল হয়ে যাচ্ছে বর্তমান পরিস্থিতির কারণে

মার্চ মাস। গণমাধ্যমে খবরে সয়লাব বেনজীর আহমেদের সম্পদের তথ্যে। একের পর এক বেরিয়ে আসে তার হাজার কোটি টাকার সম্পদের খবর। এ নিয়ে তুমুল আলোচনা। মাসখানেকের মধ্যেই দুর্নীতি দমন কমিশন (দুদক) বেনজীরের সম্পদের খোঁজে নামে। এতে আরও চাঞ্চল্য সৃষ্টি হয়। মাঠে ঘাটে পথে প্রান্তরে বেনজীর আহমেদকে নিয়ে চলে নানা চর্চা। সংবাদ মাধ্যমেও এ চর্চা কম হয়নি। সে সঙ্গে একে একে দুদকের জালে ধরা পড়েন আরও পুলিশ সদস্যসহ কিছু প্রভাবশালী সরকারি কর্মকর্তা। এসব নিয়ে গত দু'মাসে সংবাদ মাধ্যমগুলো ব্যাপক ব্যস্ত।



হঠাৎ করে চলতি মাসেই শুরু হয় কোটা সংস্কার আন্দোলন। শিক্ষার্থীদের এই আন্দোলন রূপ নেয় ভয়াবহ সহিংসতায়। খবরের পাতা থেকে আড়াল হয়ে গেল দুর্নীতির অভিযোগ থাকা বেনজীর-মতিউরসহ আলোচিতদের নাম। সহিংসতা দমনে চলমান কারফিউর খবর শোভা পাচ্ছে দুর্নীতি দমনের খবরের স্থানে।

এ ছাড়া প্রধানমন্ত্রীর ব্যক্তিগত সহকারী জাহাঙ্গীর আলমের বিরুদ্ধেও অনুসন্ধানে নামার একটি পরিকল্পনা ছিল শিগগিরই। সম্প্রতি চীন সফর নিয়ে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী উল্লেখ করেন, তার এক পিয়নও ৪০০ কোটি টাকার মালিক। সেই উক্তির পর জাহাঙ্গীর আলমকে নিয়ে আলোচনা শুরু হয় গণমাধ্যমে। শুধু তাই নয়, দুদকের অনুসন্ধানের খবরও জানা যায় সেদিন। দুদক জানায়, প্রধানমন্ত্রীর দপ্তর থেকে চাকরি হারানোর পরপর জাহাঙ্গীরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ জমা হয়। বেশ কিছুদিন যাচাই বাছাই শেষে অনুসন্ধানের বিষয়ে যাবার সুপারিশও দিয়েছিল কমিশনকে। অবশ্য প্রধানমন্ত্রীর ৪০০ কোটির মালিক পিয়ন উক্তির পর জানা গেল অনুসন্ধানের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেবে দুদক। কিন্তু এর মধ্যেই সে আলোচনা ঢেকে গেল কোটা আন্দোলনকে ঘিরে সৃষ্টি হওয়া সহিংসতা ও পরবর্তী সময়ে সরকার ঘোষিত কারফিউর কারণে।

দুদক সূত্র বলছে, বেনজীর আহমেদ ও রাজস্ব বোর্ডের সাবেক সদস্য মতিউর রহমানের বিরুদ্ধে সম্পদের নোটিশ জারি করেছে দুদক। গতকাল সোমবার ছিল তাদের সম্পদ বিবরণী জমা দেয়ার শেষ দিন। কিন্তু হঠাৎ করে দেশব্যাপী কোটা নিয়ে আন্দোলনে তৈরি হওয়া নতুন সংকটের কারণে চলছে নির্বাহী আদেশে সাধারণ ছুটি। ফলে বেনজীর-মতিউরের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার সুযোগ হচ্ছে না দুদকের। সূত্র মতে, দুদক কোনো ব্যক্তির বিরুদ্ধে সম্পদ বিবরণী নোটিশ জারি করলে আইন অনুযায়ী তাকে ২১ দিনের মধ্যে তা জমা দিতে হয়। এর মধ্যে না দিলে অভিযুক্ত ব্যক্তি আবেদনের প্রেক্ষিতে আরও ১৫ দিন সময় পান। তবে প্রথম ২১ দিনের মধ্যে যদি সময় না চান সেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে নন সাবমিশনে মামলা করতে পারবে দুদক। কিন্তু বেনজীর আহমেদ ও মতিউর রহমানের পরিবারের সদস্যদের সম্পদের বিবরণী জমা দেয়ার নির্ধারিত সময় পার হয়ে গেলেও আপাতত তাদের বিরুদ্ধে কোনো সিদ্ধান্ত নিতে পারছে না। চলমান কারফিউ ও সাধারণ ছুটির কারণে।

বেনজীর আহমেদের অবৈধ সম্পদ নিয়ে গত ৩১শে মার্চ একটি জাতীয় দৈনিকে সংবাদ প্রকাশ হয়। ১৮ই এপ্রিল ওই প্রতিবেদন আমলে নিয়ে অনুসন্ধান শুরু করে দুদক। যদিও সংস্থাটির সচিব খোরশেদা ইয়াসমীন অনুসন্ধানের সিদ্ধান্তের ব্যাপারটি ২২শে এপ্রিল গণমাধ্যমকে নিশ্চিত করেন।

